

## 36852 - যার উপরে ঋণ আছে তার হজ্জ আদায়

---

### প্রশ্ন

আমি হাউজিং ব্যাংক থেকে দুই লক্ষ একাত্ত হাজার নয়শত রিয়াল লোন নিয়েছি। এ লোন বাৎসরিক কিস্তিতে পরিশোধ করতে হয়। আমার দায়িত্ব হাউজিং ব্যাংকের এ ঋণ থাকাবস্থায় আমি কি হজ্জ আদায় করতে পারব?

### প্রিয় উত্তর

সামর্থ্য থাকা হজ্জ ফরজ হওয়ার অন্যতম শর্ত। যদি আপনি হজ্জে যাওয়ার মত সামর্থ্য রাখেন এবং হজ্জ আদায় করা সময় পর্যন্ত কিস্তি পরিশোধ করার সক্ষমতা রাখেন তাহলে আপনার উপর হজ্জ ফরজ হবে। আর যদি আপনি একসাথে এ দুইটি আদায় করার মত সামর্থ্য না রাখেন তাহলে আপনি লোন আদায় করুন এবং হজ্জকে পরবর্তী সময়ের জন্য পিছিয়ে দিন; যেন সামর্থ্য হলে আপনি হজ্জ আদায় করতে পারেন। দলিল হচ্ছে আল্লাহর বাণী: “এবং সামর্থ্যবান মানুষের উপর আল্লাহর জন্য বায়তুল্লাহর হজ্জ করা ফরয।”[সূরা আলে ইমরান, ৩:৯৭]

আল্লাহই তাওফিকদাতা।